

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৮৭

১/ বিবিধ

আরবী

ثلاثة من كن فيه آواه الله في كنفه، وستر عليه برحمته، وأدخله في محبته، من إذا أعطى شكر، وإذا قدر غفر، وإذا غضب فتر  
موضوع

رواه ابن حبان في " الضعفاء " ( 2 / 93 ) والحاكم ( 1 / 125 ) والخطيب في " التلخيص " ( 76 - 2 ) عن عمر بن راشد مولى عبد الرحمن بن أبان بن عثمان التيمي: حدثنا محمد بن عبد الرحمن بن أبي نئب القرشي عن هشام بن عروة عن محمد بن علي عن ابن عباس مرفوعا. قال الحاكم: " صحيح الإسناد "! ورد الذهبي بقوله: " بل واه، فإن عمر قال فيه أبو حاتم: وجدت حديثه كذبا ". قلت: وكنيته أبو حفص الجاري وقال ابن حبان: " يضع الحديث على الثقات، لا يحل ذكره في الكتب إلا على سبيل القدر فيه فكيف الرواية عنه؟! ". وقد أخرجه البيهقي في " الشعب " وقال عقبه: " عمر بن راشد هذا شيخ مجهول من أهل مصر يروي ما لا يتابع عليه ". ولهذا قال المناوي متعبا على السيوطي الذي أورد الحديث في " الجامع الصغير ": " لم يصب في إirاده ". قلت: وله طريق أخرى عن ابن أبي نئب به. أخرجه ابن عدي ( 1 / 331 - 2 ) : حدثنا أحمد بن داود بن أبي صالح حدثنا أبو مصعب المدني - يلقب مطرف - : حدثني محمد بن عبد الرحمن بن أبي نئب به. وأحمد هذا قال ابن حبان ( 1 / 134 ) وابن طاهر: " يضع الحديث

৫৮৭। তিনটি বস্তু যার মধ্যে থাকবে আল্লাহ তাকে তার ছায়াতলে আশ্রয় দান করবেন, তার রহমতের দ্বারা আচ্ছাদিত করবেন এবং তাকে তার ভালবাসার অন্তর্ভুক্ত করবেন। যখন সে ব্যক্তিকে কিছু দেয়া হবে তখন সে শুকরিয়া আদায় করবে, সে বদলা নিতে সক্ষম হওয়া সত্ত্বেও ক্ষমা করে দিবে এবং সে যখন রাগান্বিত হয় তখন বিনম্র হয়ে যায়।

হাদীছটি জাল।

এটি ইবনু হিব্বান "আয-যোয়াফা" (২/৯৩) গ্রন্থে, হাকিম (১/১২৫) এবং আল-খাতীব "আত-তালখীস" (২/৭৬) গ্রন্থে উমার ইবনু রাশেদ হতে তিনি মুহাম্মাদ ইবনু আদ্রির রহমান ইবনে আবী যিঈব আল-কুরাশী হতে ... বর্ণনা করেছেন।

হাকিম বলেনঃ সনদটি সহীহ! হাফিয় যাহাবী তার প্রতিবাদ করে বলেছেনঃ বরং একেবারে দুর্বল। কারণ এই উমার সম্পর্কে আবু হাতিম বলেনঃ তার হাদীছকে আমি মিথ্যা হিসাবে পেয়েছি।

আমি (আলবানী) বলছিঃ তার কুনিয়াত হচ্ছে আবু হাফস আল-জারী। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে হাদীছ জলকারী। তাকে দোষারোপ করার উদ্দেশ্য ছাড়া কোন গ্রন্থেই উল্লেখ করা হালাল নয়। কিভাবে তার থেকে বর্ণনা করা যায়?

মানবী সুযুতী কর্তৃক "আল-জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করার কারণে তার সমালোচনা করে বলেছেনঃ তিনি তার গ্রন্থে উল্লেখ করে ঠিক করেননি।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটির অন্য একটি সূত্র রয়েছে। সেটিকে ইবনু আদী (৩৩১/১-২) আহমাদ ইবনু দাউদ ইবনে আবী সালাহ হতে ... বর্ণনা করেছেন। এই আহমাদ সম্পর্কে ইবনু হিব্বান এবং ইবনু তাহের বলেনঃ তিনি হাদীছ জালকারী।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71466>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন